সংবাদ

তারিখ ... ১৪.৫.৮৫
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

005

## নয়া পে-স্কেল ১লা জুলাই থেকে কার্যকর

# বাজেটে সাড়ে পাঁচশ' কোটি বরাদ্দ রাখা হবে

(বিশেষ প্রতিনিধি)

পে-কমিশনের সুপারিশ কার্যকর করার জন্য আগামী অর্থবছরের বাজেটে বেতন বৃদ্ধি বাবদ সাড়ে ৫শ' কোটি টাকা এবং পেনশন বৃদ্ধি খাতে ২০ কোটি টাকা বরাদ্দ করা হবে বলে জানা গেছে। কমিশনের সুপারিশ কিছু রদবদল করে ১লা জুলাই থেকে কার্যকর করা হবে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে।

নিম্নে মাসিক মূল বেতন হবে ৫২৫ টাকা।

এর সঙ্গে বাড়ীভাড়া ও মেডিক্যাল ভাতা যোগ হবে। ২০টি স্কেলের মধ্যে সর্বোচ্চ বেতনের হার হবে মাসিক ৬ হাজার টাকা।

বিশ্ববিদ্যালয়সহ যেসব প্রতিষ্ঠান সরকারী সাহায্যে পরিচালিত হয়, সে সব প্রতিষ্ঠান পে-কমিশনের আওতায় পড়বে। সেক্টর কর্পোরেশনগুলোর জন্য আলাদা পে স্কেল নির্ধারিত হবে।

অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীদের জন্য বর্তমানে বার্ষিক ৪০ কোটি টাকা পেনশন হিসেবে প্রদান করা হয়। পে-স্কেল বৃদ্ধির সাথে সাথে তাদেরও পেনশন বৃদ্ধি পাবে। তাদের জন্য বার্ষিক অতিরিক্ত ২০ কোটি টাকা প্রদান করা হবে।